গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd.

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০১.১৮.০০২.১৫- ৩৫৮১/১৩ - জিএ

তারিখ : ০৭/০২/২০১৯খ্রি.

জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালনে কতিপয় নির্দেশনা অনুসরণ সংক্রান্ত বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৯.০০১.১৮-২৬, তারিখ : ০৩ ফেব্রুয়ারী ২০১৯খ্রি. মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো (কপি সংযুক্ত)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং এন্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সকল অঞ্চল (সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ব্যবস্থাগ্রহণের অনুরোধসহ);
০৪. অধ্যক্ষ, সরকারি কলেজ, সকল শিক্ষা প্রতিষ্ঠান (সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ব্যবস্থাগ্রহণের অনুরোধসহ);
০৫. উপ-পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
০৬. উপ-পরিচালক (সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল (সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ব্যবস্থাগ্রহণের অনুরোধসহ);
০৭. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল (সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ব্যবস্থাগ্রহণের অনুরোধসহ);
০৮. জেলা শিক্ষা অফিসার, সকল (সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ব্যবস্থাগ্রহণের অনুরোধসহ);
০৯. প্রধানশিক্ষক, সরকারি উচ্চ বিদ্যালয়, সকল শিক্ষা প্রতিষ্ঠান (সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ব্যবস্থাগ্রহণের অনুরোধসহ);
১০. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা (সংযুক্ত পত্রের মর্মানুযায়ী ব্যবস্থাগ্রহণের অনুরোধসহ);
১১. সিস্টেম এনালিষ্ট, ই.এম.আই.এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মাউশির ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ);
১২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
১৩. সংরক্ষণ নথি।

০৭.০২.১৯

(মুহাম্মদ জাকির হোসেন)
সহকারী পরিচালক (সা: প্রশা:)
ফোন: ৯৫৫৬৪৩২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.০৯.০০১.১৮.২৬

তারিখ: ২১ মাঘ ১৪২৫
০৩ ফেব্রুয়ারি ২০১৯

বিষয়: **জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালনে কতিপয় নির্দেশনা অনুসরণ।**
সূত্র: ৩৭.০০.০০০০.০৬৫.৩৪.০২৮.১৮.৭ ০৬ জানুয়ারি ২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালনে কতিপয় নির্দেশনা অনুসরণ করা সংক্রান্ত পত্রটি এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত নির্দেশনাসমূহের মধ্যে এ বিভাগের সংশ্লিষ্ট নির্দেশনাসমূহ (গ, ছ, ঝ) জেলা ও উপজেলা পর্যায়ে কর্মকর্তা এবং সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান-কে অনুসরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
পরিচালক (কলেজ ও প্রশাসন) এর দপ্তর
প্রাপ্তি নং
তারিখ :
☑ উপ-পরিচালক (সাঃ প্রঃ)
☐ উপ-পরিচালক (ক-১)
☐ উপ-পরিচালক (ক-২)
☐ উপ-পরিচালক (এইচআরএম)
☐ ...............................
...................তারিখের মধ্যে নথিতে দিবেন/ আলাপ করুন।
পরিচালক (কলেজ ও প্রশাসন)

৩-২-২০১৯
আনোয়ারুল হক
উপসচিব
ফোন: ৯৫৪৫৭২০
ইমেইল: ds_sec2@moedu.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.০৯.০০১.১৮.২৬/১(২)

তারিখ: ২১ মাঘ ১৪২৫
০৩ ফেব্রুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) উপ-সচিব, সমন্বয় শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩-২-২০১৯
আনোয়ারুল হক
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.৩৪.০২৮.১৮.৭

তারিখ: ২৩ পৌষ ১৪২৫
০৬ জানুয়ারি ২০১৯

বিষয়: **জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালনে কতিপয় নির্দেশনা অনুসরণ।**

সূত্র: ০৪.০০.০০০০.৫১২.২৩.০০১.১৬.৫৩৭, তারিখ: ২৭ ডিসেম্বর ২০১৮

উপর্যুক্ত বিষয়ের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত সূত্রোস্থ পত্রটি এতৎসংগে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রে বর্ণিত নির্দেশনাসমূহের মধ্যে এ বিভাগের সংশ্লিষ্ট নির্দেশনাসমূহ (গ, ছ, ঝ) জেলা ও উপজেলা পর্যায়ে কর্মকর্তা এবং সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান-কে অনুসরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

৬-১-২০১৯
মোঃ সারওয়ার হোসেন
উপ-সচিব
ফোন: ৯৫৭৭০৯৭
ইমেইল: sas_s4@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) অতিরিক্ত সচিব, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) অতিরিক্ত সচিব , মাধ্যমিক-১ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.৩৪.০২৮.১৮.৭/১(২)

তারিখ: ২৩ পৌষ ১৪২৫
০৬ জানুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) উপ সচিব, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৬-১-২০১৯
মোঃ সারওয়ার হোসেন
উপ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.২৩.০০১.১৬.৫৩৭

তারিখ: ১৩ পৌষ ১৪২৫
২৭ ডিসেম্বর ২০১৮

বিষয়: জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালনে কতিপয় নির্দেশনা অনুসরণ।

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.৪১৬.০২৩.০০.০০.০১২.২০১২.৩৮১ তারিখ: ০৭.১১.২০১২
(২) জনাব মোঃ আবুল কালাম আজাদ, সাবেক মুখ্য সচিব বর্তমানে মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়-এর ধারণাপত্র।

বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস সরকারিভাবে উদ্‌যাপন/পালনের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের সূত্রোক্ত (১) সংখ্যক স্মারকে ক্যাটাগরিভিত্তিক একটি সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়ের প্রাসঙ্গিক কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রেও দিবস পালনের বিভিন্ন আনুষ্ঠানিকতা কেন্দ্রীয় ও মাঠ পর্যায়ে বাস্তবায়িত হয়ে থাকে। এ দিবসসমূহের কর্মসূচি জেলা ও উপজেলা সদরে সংশ্লিষ্ট দফতরের কর্মকর্তা/কর্মচারী এবং সমাজের বিভিন্ন স্তরের স্বল্প সংখ্যক মানুষের সমন্বয়ে অনুষ্ঠিত হয়ে থাকে। ফলে সাধারণ জনগণের মাঝে সচেতনা সৃষ্টিসহ সংশ্লিষ্ট দিবস উদ্‌যাপন/পালনের সুনির্দিষ্ট লক্ষ্যসমূহ যথাযথভাবে অর্জিত হয় না।

০২। সাধারণ মানুষের নিকট দিবসসমূহ উদ্‌যাপন/পালনের মর্মবাণী পৌঁছে দেওয়া ও তাঁদের মনোজগতে আদর্শিক চেতনা জাগ্রত করার লক্ষ্যে দক্ষতার সঙ্গে দিবসসমূহ উদ্‌যাপন/পালনের ক্ষেত্রে নিম্নোল্লিখিত পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে:

ক. জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহের মাসভিত্তিক একটি ক্যালেন্ডার তৈরিপূর্বক উপজেলার বিভিন্ন ইউনিয়নের জন্য একটি তারিখ নির্ধারণ করে ট্যাগ অফিসারগণ কর্তৃক ইউনিয়ন/ওয়ার্ড/গ্রাম পর্যায়ে উন্মুক্ত বৈঠকের মাধ্যমে গ্রামের সাধারণ জনগণের মাঝে সংশ্লিষ্ট দিবস সম্পর্কে সচেতনতা সৃষ্টি;

খ. দিবস উদ্‌যাপন/পালনের ক্ষেত্রে যথাসম্ভব উপজেলা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে স্থানীয় জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সাধারণ জনগণের মাঝে সংশ্লিষ্ট দিবসের তাৎপর্য সম্পর্কে অবহিতকরণের জন্য র‍্যালি, সভা, সেমিনারের আয়োজন;

গ. শিক্ষার্থীদের পড়ালেখায় বিঘ্ন না ঘটিয়ে আয়োজিত র‍্যালিতে সংশ্লিষ্ট ইউনিয়নের সকল কলেজ, দাখিল উর্ধ্ব মাদ্রাসার সকল ছাত্র, প্রণোদিত কর্মী, আনসার-ভিডিপিসহ সকল স্তরের লোকজনের অংশগ্রহণ;

ঘ. এলাকার দর্শনীয় স্থানসহ র‍্যালি ও আলোচনা সভার স্থানে দিবস উপযোগী শ্লোগান-সমৃদ্ধ প্লেকার্ড ও ব্যানার তৈরি করে প্রদর্শন;

ঙ. দিবস উপযোগী গান এবং শ্লোগান রেকর্ড করে র‍্যালি চলাকালে এক বা একাধিক মাইকে নিয়ন্ত্রিত শব্দে বাজানো;

চ. সাধারণ মানুষের মধ্যে অধিক আগ্রহ সৃষ্টির লক্ষ্যে দিবসের গুরুত্ব বিবেচনায় জেলা/উপজেলা সদর ছাড়াও গ্রামীণ কোনো বর্ধিষ্ণু এলাকায় অপ্রচলিত রাস্তায় দিবসের র‍্যালির আয়োজন;

ছ. উদ্বুদ্ধ করার লক্ষ্যে নির্ধারিত দিবসের অনেক আগেই শিক্ষার্থীদের জন্য গ্রুপভিত্তিক রচনা ও ছবি আঁকা প্রতিযোগিতার আয়োজন এবং ইউনিয়ন/উপজেলা পর্যায়ে ফলাফলের ভিত্তিতে দিবস উদ্‌যাপনের দিন আলোচনা সভার সময় পুরস্কার (বই) ও সনদ বিতরণ;

জ. জেলা/উপজেলা পর্যায়ে মাসিক সমন্বয় সভায় তালিকাভুক্ত দিবস উদ্‌যাপন বাস্তবায়নের জন্য পূর্ব থেকেই কমিটি/টিম গঠন করা;

ঝ. উপজেলায় কর্মরত অফিসারগণকে নিয়ে এক বা একাধিক টিম গঠনপূর্বক স্কুল/কলেজের সম্মানিত শিক্ষকমণ্ডলীকে উদ্বুদ্ধকরত সপ্তাহের একটি বিশেষ দিন নির্বাচন করে এসেম্বলি চলাকালে বা বিশেষ কোনো সময় নির্ধারণ করে শিক্ষার্থীদের দিবস উদ্‌যাপন/পালন সম্পর্কে অবহিত এবং দিবস উদ্‌যাপন/পালনে অংশগ্রহণের জন্য উদ্বুদ্ধকরণ;

ঞ. সংশ্লিষ্ট দিবস উদ্‌যাপন/পালনের বিষয়টি ব্যাপক প্রচারণার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ কর্তৃক সাপ্তাহিক হাটের দিন মাইকিং এবং সম্ভব হলে জেলা তথ্য কর্মকর্তার সহযোগিতা নিয়ে ভ্রাম্যমাণ সিনেমা প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ;

ট. সকল ক্ষেত্রে বাহুল্য ব্যয় পরিহার করে যথাসম্ভব স্বল্প ব্যয়ে কর্মসূচি বাস্তবায়ন; এবং

ঠ. জেলা ও উপজেলা পর্যায়ে বছরব্যাপি দিবস উদ্‌যাপন/পালনে কোন্ উপজেলায় ও জেলায় উদ্‌যাপন ভালো হয়েছে, তা মূল্যায়নপূর্বক উপজেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলাপ্রশাসক এবং জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার বছর শেষে প্রণোদনার ব্যবস্থা করতে পারেন।

০৩। এমতাবস্থায়, জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন দিবসসমূহ উদ্‌যাপন/পালনে উল্লিখিত নির্দেশনাসমূহ অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭-১২-২০১৮
মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী
উপ সচিব

বিতরণ :

১) বিভাগীয় কমিশনার (সকল)
২) জেলা প্রশাসক (সকল)
৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.২৩.০০১.১৬.৫৩৭/১(৫৯)

তারিখ: ১৩ পৌষ ১৪২৫
২৭ ডিসেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২) সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)

২৭-১২-২০১৮
মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী
উপ সচিব